আজকের কাগজ

তারিখ 0 9 APR 1993
পৃষ্ঠা ৬ কলাম ৪

# যে কোনো মূল্যে শিক্ষার হার বাড়াতে হবে
## —মির্জা আব্বাস

ঢাকা সিটি করপোরেশনের মেয়র মির্জা আব্বাস এমপি জীবনের সর্বক্ষেত্রে শিক্ষার আলো পৌঁছে দেয়া এবং শিক্ষার মূল উদ্দেশ্যকে প্রতিফলিত করার মধ্যদিয়ে জাতির ভবিষ্যত নেতৃত্ব গ্রহণ এবং নিজেদেরকে সুনাগরিক হিসেবে গড়ে তোলার জন্যে ছাত্র সমাজের প্রতি আহবান জানিয়েছেন।

মির্জা আব্বাস গতকাল মুন্সিগঞ্জের শ্রীনগর পাইলট উচ্চ বিদ্যালয়ের রজত জয়ন্তী ও পুনর্মিলনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা দিচ্ছিলেন। সৈয়দ শাহ আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী সাদেক হোসেন, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় উপমন্ত্রী আবদুল হাই, বিএনপি নেতা ফিরোজ নুন ও আফছার আহমেদ সিদ্দীকিসহ স্থানীয় নেতারা বক্তৃতা করেন।

মির্জা আব্বাস বলেন, যেকোনো মূল্যে আমাদের শিক্ষার হার বাড়াতে হবে। একটি শিক্ষিত জাতিই কেবল একটি উন্নত জাতিতে পরিণত হতে পারে।